

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 21 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদ চত্বরে মুসল্লিদের সুপেয় পানির চাহিদা মেটাতে আধুনিক পানিশোধন যন্ত্র স্থাপন করা হয়েছে। সোমবার (২১ এপ্রিল) বাদ আছর এই যন্ত্রের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক সালেহ হাसान নকীব।

এসময় উপাচার্য সালেহ হাसान নকীব বলেন, এই যন্ত্রের মাধ্যমে কেন্দ্রীয় জামে মসজিদে আগত মুসল্লিদের সুপেয় পানির চাহিদা মেটানো সম্ভব হবে। ক্যাম্পাসের অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে এই ধরনের পানিশোধন যন্ত্র স্থাপনের পরিকল্পনাও প্রক্রিয়াধীন রয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মঈন উদ্দীন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মোহা. ফরিদ উদ্দীন খান, কোষাধ্যক্ষ প্রফেসর মো. মতিয়ার রহমান, জনসংযোগ দপ্তরের প্রশাসক প্রফেসর মো. আখতার হোসেন মজুমদার এবং কেন্দ্রীয় জামে মসজিদ কমিটির সভাপতি প্রফেসর রুহুল আমিন প্রমুখ উপস্থিত ছিলেন।

পানি পানি পরিশোধন যন্ত্র